দৈনিক ইনকিলাব

39

তারিখ ··· FEB. 23 2000 ··· ···
পৃষ্ঠা 1 কলাম 2 ···

# শেখ হাসিনাকে 'বঙ্গ ভাষা কন্যা' ঘোষণা

বাসস ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গতকাল 'বঙ্গ ভাষা কন্যা' ঘোষণা করা হয়েছে। একুশের আন্তর্জাতিক মর্যদালাভে প্রশংসনীয় ভূমিকা পালনের জন্য তাকে এই সম্মানজনক উপাধি প্রদান করা হয়। গতকাল পল্টন ময়দানে বাংলাদেশ আওয়ামী লীগের উদ্যোগে অনুষ্ঠিত এক বিরাট জনসভায় বক্তৃতাকালে প্রখ্যাত কবি সৈয়দ শামসুল হক শেখ হাসিনাকে 'বঙ্গ ভাষা কন্যা' ঘোষণার প্রস্তাব দিলে সমবেত জনতা বিপুলভাবে করতালি দিয়ে তার প্রতি সমর্থন প্রদান করে। কবি সৈয়দ শামসুল হক তার প্রস্তাবে বলেন, গণতন্ত্রের মানসকন্যা এবং বঙ্গবন্ধু কন্যার মত বিভিন্ন জনপ্রিয় উপাধি থাকলেও ১৯৫২ সালের ফেব্রুয়ারীতে বাংলা ভাষার জন্য বাঙ্গালীদের গৌরবজনক সংগ্রামের প্রতি ইউনেস্কোর স্বীকৃতি আদায়ে ঐতিহাসিক ভূমিকার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বঙ্গ ভাষা কন্যা ঘোষণা করা উচিত।